কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮-৯০৪ তারিখঃ ১৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর/২০২০ মাসের সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ অক্টোবর, ২০২০ খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় Zoom Platform এ সভা (অনলাইন সভা) অনুষ্ঠিত হবে। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় সভার সভাপতিত্ব করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। Zoom Platform এ লগ ইন করার জন্য Meeting ID: 82866588867 Password: 049880.

**সভার আলোচ্যসূচীঃ**

১। গত ২২/০৯/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। গত ২২/০৯/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনা।
৩। বিবিধ।

১৫.১০.২০২০
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১
e-mail: chakladerbau@gmail.com

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। পরিচালক (গবেষণা),কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৪। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৫। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৬। উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৭। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
৮। সহকারী পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
৯। সহকারী পরিচালক, প্রশিক্ষণ (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।

**অনুলিপিঃ**

১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সমন্বয় সভার নোটিশ ও কার্যপত্র ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সভায় উপস্থিত সদস্যদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩। পিও টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

**কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রঃ**

আলোচ্যসূচী-১ : ২২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনের জন্য লিখিত কোন প্রস্তাব পাওয়া যায়নি।

আলোচ্যসূচী-২ : ২২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| **২.১** | **বাজার সংযোগ শাখা (বাজারদর পর্যালোচনা):** | ১: ক) বিআরটিসি ও কৃষকবন্ধু ডাক সেবার মাধ্যমে কৃষিপণ্য পরিবহনে কৃষক ও ব্যবসায়ীদের সাথে মিটিং করতে হবে। কৃষকবন্ধু ডাকসেবা/বিআরটিসির গাড়ি ব্যবহার না করলে তারা যদি ট্রাক ব্যবহার করে তাহলে সেসব ট্রাকে ডিএএম এর স্টিকার ও ব্যানার ব্যবহার বাধ্যতামূলক করার উদ্যোগ নিতে হবে। কৃষিপণ্য পরিবহন নির্বিঘ্ন রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (BIWTA, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী) বরাবর চিঠি প্রেরণ করতে হবে। | ক) সাতক্ষীরা, চুয়াডাংগা, মেহেরপুর ও গোপালগঞ্জ জেলায় স্টিকার ও ব্যানারযুক্ত পণ্য পরিবহন চলমান আছে এবং অন্যান্য জেলায় এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিস্তারিত অগ্রগতি বিষয়ে বিভাগীয় উপপরিচালক ও উপপরিচালক (বাজার সংযোগ) সভায় আলোচনা করতে পারেন। |
| | | (খ) যে সকল পণ্যের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে সেই সকল পণ্যের দাম বৃদ্ধির কারণ ও এ বিষয়ে করণীয় উল্লেখপূর্বক প্রতিবেদন আবশ্যিকভাবে যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং বৃদ্ধিপ্রাপ্ত কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপপরিচালকগণ মনিটরিং কার্যক্রম জোরদার করবেন ও সে লক্ষ্যে প্রয়োজনে মোবাইল কোর্ট কার্যক্রম আরও বাড়াবেন। | খ) বৃষ্টি ও বন্যাজনিত কারণে শাকসব্জি ও কাঁচা মরিচের দাম বৃদ্ধি পেয়েছে। ভারত থেকে পেঁয়াজ আমদানি বন্ধ থাকায় এবং চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় পেঁয়াজ এর মূল্য বৃদ্ধি পেয়েছে । আর যাতে বৃদ্ধি না পায় তার জন্য বাজার মনিটরিংসহ মোবাইল কোর্ট এর কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। বিস্তারিত অগ্রগতি বিষয়ে বিভাগীয় উপপরিচালকগণ সভায় আলোচনা করতে পারেন। |
| | | (গ) বর্তমানে বাজারে বিদ্যমান বিভিন্ন সবজি, মশলা বা অন্যান্য কৃষিপণ্যের (যেমনঃ আলু, কাঁচামরিচ, | গ) এ বিষয়ে উপপরিচালক (বাজার সংযোগ ও গবেষণা) সভায় আলোচনা করতে পারেন। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | পিঁয়াজ, পটল, ঢেঢ়স, বেগুন, করলা, ঝিঙা, মিষ্টিকুমড়া, বরবটি, লাউ, কাঁকরোল, টমেটো, শসা, কচু, পেঁপে, চালকুমড়া, বাঁধাকপি, ফুলকপি, গাজর, শিম, কাঁচাকলা ইত্যাদি) উৎপাদন খরচ ও কৃষকপ্রাপ্ত বাজারদরের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | (ঘ) যেসব জেলায় আলুর হিমাগার আছে সেই সমস্ত হিমাগারের আলুর ক্রয়মূল্য/হিমাগারে প্রবেশমূল্যের সাথে অন্যান্য সকল প্রকৃত খরচ যুক্ত করে খুচরা/পাইকারি যৌক্তিক মূল্য নির্ধারণ করে দিতে হবে এবং সে অনুযায়ী মনিটরিং করতে হবে। | ঘ) যে সকল জেলায় আলুর হিমাগার আছে। সেই সমস্ত হিমাগারের আলুর ক্রয় মূল্যের সাথে অন্যান্য সকল খরচ যুক্ত করে কোল্ড ষ্টোরেজ পর্যায়ে এবং খুচরা ও পাইকারী পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ পূর্বক গত ০৭/১০/২০২০ খ্রিঃ তারিখে জেলা প্রশাসক (সকল) এবং জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারীদেরকে পত্র প্রেরণ করা হয়েছে। উপপরিচালক (বাজার সংযোগ) ও বিভাগীয় উপপরিচালকগণ এ বিষয়ে বিস্তারিত অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। |
| | | ঙ) আলু রপ্তানীর উপর একটি বিস্তারিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | ঙ) এ বিষয়ে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। বিভাগীয় উপপরিচালক রংপুর সভায় আলোচনা করতে পারেন। |
| | | চ) কৃষক বিপণন দল (FMG)বিষয়ক আলাদা মিটিং এর সিধান্ত অনুযায়ী পণ্য ভিত্তিক ১০ জনের FMG গ্রুপ গঠন করে আগামী ১৫ই অক্টোবর প্রতিটি জেলা,বিভাগীয় অফিসে ও সদর দপ্তরে রেজিস্টার/ফাইল/অনলাইন কপি সংরক্ষণ করতে হবে। | চ) সিদ্ধান্ত অনুযায়ী গত ২৩/০৯/২০২০ তারিখে এফএমজি গ্রুপ গঠনের জন্য নির্দেশিকা ও তথ্য সংগ্রহ ফর্মসহ পত্র প্রেরণ করা হয়েছে এবং সদর দপ্তরে তথ্য প্রেরণের জন্য অনলাইনে ফর্ম পূরণের লিংক দেয়া হয়েছে। এ বিষয়ে বিভাগীয় উপপরিচালক (সকল) ও বেগম ইশরাত জাহান, সহকারী পরিচালক সভায় আলোচনা করতে পারেন। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | ছ) মসলা সংক্রান্ত প্রতিবেদনটি জেলা ও বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং আদার প্রকৃত আমদানি খরচ ও অন্যান্য খরচ যুক্ত করে যৌক্তিক খুচরা মূল্য কত হওয়া উচিত সে সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত পূর্বক মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মোবাইল কোর্টের জন্য আদার যৌক্তিকমূল্য সরবরাহ আপাতত বন্ধ রাখতে হবে। | ছ) ই-ফাইলের মাধ্যমে প্রতিবেদনটি বিভাগীয় ও জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। আদা, পিঁয়াজ ও রসুনের প্রকৃত আমদানী খরচের উপর ভিত্তি করে উল্লেখিত পণ্যের খসড়া যৌক্তিক মূল্য তৈরী করা হয়েছে। এ বিষয়ে আমদানীকারকদের সাথে মত বিনিময় সভা আয়োজন করা হবে।<br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-ক)** |
| **২.২** | **আরইটিসি শাখা** | ১: (ক) যেসব জেলা এখনো তথ্য প্রদান করেনি তাদের তথ্যসহ আগামী ১৫ দিনের মধ্যে লাইসেন্সের হালনাগাদ তালিকা (বাতিল ব্যতীত) প্রণয়ন করে ডাটাবেজ করতে হবে। রেজিস্টার মেইনটেইন করতে হবে এবং আগামী সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>খ) লাইসেন্সের হালনাগাদ তথ্য প্রেরণ করতে লাইসেন্স বাতিলের ক্ষমতা সম্পর্কে বিভাগীয় উপপরিচালকগণকে চিঠি প্রেরণ করতে হবে।<br>গ) লাইসেন্স বিষয়ক একটি আলাদা জুম মিটিং আগামী ১০দিনের মধ্যে আয়োজন করতে হবে। | ক) লাইসেন্সের হালনাগাদের জন্য তাগাদা প্রদান করা হয়েছে। এ বিষয়ে উপপরিচালক (আরইটিসি) সভাকে অবহিত করতে পারেন।<br>খ) এ বিষয়ে ই-মেইলে পত্র প্রেরণ করা হয়েছে।<br>গ) এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। উপপরিচালক (আরইটিসি) সভাকে অবহিত করতে পারেন।<br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-খ)** |
| **২.৩** | **গুদাম ব্যবস্থাপনা শাখা** | ১: ক)) শস্যগুদামে সংরক্ষিত পণ্যভিত্তিক ১০ সদস্য বিশিষ্ট আলাদা আলাদা বিপণন দল গঠন করতে হবে।<br>খ) চলমান গুদামসমূহের কৃষক তালিকা শগঋক নির্দেশিকা অনুযায়ী নবায়ন সম্পন্ন করে গুদাম সংশ্লিষ্ট ব্যাংক, গুদাম, আঞ্চলিক কার্যালয়ে কপি সংরক্ষণ করে প্রতি গুদামের ১টি (এক) কপি প্রধান কার্যালয়ের | (ক) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা ও মাঠ কর্মকর্তা, বরিশাল বরাবর ২৮-০৯-২০২০ তারিখে ৫৩ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। উপপরিচালক (শগঋক) এ বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন।<br>(খ) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা বরাবর ০২-০৯-২০২০ তারিখে ৪৬ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৭৮টি গুদামের |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবেন। উক্ত তালিকা সংকলন করে একটি ডাটাবেজ করতে হবে এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ করতে হবে। | তথ্যাদি পাওয়া গিয়েছে। যা, বেগম ইশরাত জাহান, সহকারী পরিচালক এর নিকট ডাটাবেজ তৈরীর জন্য প্রেরণ করা হয়েছে। উপপরিচালক (শগঋক) ও বেগম ইশরাত জাহান, সহকারী পরিচালক এ বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। |
| | | গ) ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী আঞ্চলিক কার্যালয়সমূহের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে গুদামে শস্য জমা বৃদ্ধি ও কৃষক অংশগ্রহণ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা ও মাঠ কর্মকর্তা, বরিশাল বরাবর ১৩-০৮-২০২০ তারিখে ৩১ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | ঘ) বাতিলকৃত অবশিষ্ট গুদামসমূহের সংরক্ষিত এফডিআর আপদকালীন সহায়তা ফান্ডে অতিদ্রুত প্রেরণ করতে হবে। | (ঘ) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা বরাবর ০৭-১০-২০২০ তারিখে ৫৮ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। উপপরিচালক (শগঋক) এ বিষয়ে অগগ্রতি সভাকে অবহিত করতে পারেন।<br>**বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-গ)** |
| ২.৪ | **ICT শাখা** | ১: (ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ করতে হবে। | ক) এ বিষয়ে পত্র প্রেরণ ও মনিটরিং অব্যাহত আছে। |
| | | (খ) ই-মার্কেটিং সফল করতে সকলকে উদ্বুদ্ধ করতে হবে। সকল জেলায় ই-ফাইলিং কার্যক্রম বাড়াতে হবে। কোনভাবেই Ranking ১০ এর নিচে যেন না নামে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | খ) এ বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। |
| | | গ) শগঋক এর আঞ্চলিক ও ফিল্ড অফিসার অফিসগুলোকে ই-ফাইলিং এর আওতায় আনতে হবে। | গ) শুধুমাত্র জেলা কার্যালয়ে ই-নথিতে শগঋক কর্মকর্তাদের পদ সৃষ্টির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | ঘ) আগামী পহেলা সেপ্টেম্বর হতে প্রতিটি ডিসপ্লে বোর্ডে নিয়মিত বাজার তথ্য প্রচারে সংশ্লিষ্ট জেলা কর্মকর্তা ও বিভাগীয় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | ঘ) এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| | | ঙ) ডিসপ্লে বোর্ডে কোথায় কী সমস্যা আছে এ সংক্রান্ত | ঙ) এ বিষয়ে সামারী শীট তৈরী করে |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | একটি সামারি শিট তৈরি করে জনাব নিখিল চন্দ্র দে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন। | মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হয়েছে। **বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-ঘ)** |
| ২.৫ | **APA: কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি।** | (ক) কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন সকল বিভাগীয় কার্যালয়সহ মাঠ পর্যায়ের কার্যালয়কে মন্ত্রপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক যাবতীয় কার্যক্রম গ্রহণ পূর্বক সদর দপ্তরকে অবহিত করতে হবে।<br><br>খ) APA এর লক্ষ্যমাত্রা অনুয়ায়ী সকল কার্য সম্পাদন করতে হবে। যথাসময়ে প্রতিটি কোয়ার্টার প্রতিবেদনের প্রমানক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | ক) এ বিষয়ে মাঠ পর্যায় থেকে কোন ফিডব্যাক পাওয়া যায়নি।<br><br>খ) প্রথম কোয়ার্টারের প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ২.৬ | **শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি।** | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী সংশ্লিষ্ট শাখা কর্তৃক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন।<br><br>খ) বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>গ) অক্টোবরের প্রথম সপ্তাহে প্রমানকসহ বাস্তবায়ন প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | ক) এ বিষয়ে যৌক্তিকতা কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করবেন।<br><br>খ) বিভাগীয় কার্যালয়সমূহ ১ম ত্রৈমাসিক প্রতিবেদন Action Plan এবং Guideline অনুযায়ী যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত আছে।<br><br>গ) সকল বিভাগীয় কার্যালয় থেকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে। কিন্তু প্রমাণক পাওযা যায়নি। |
| ২.৭ | **ইনোভেশন** | ইনোভেশন কার্যক্রম জোড়দার করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে। |
| ২.৮ | **তথ্য অধিকার আইন।** | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করা হচ্ছে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হচ্ছে। |
| ২.৯ | বিবিধ | ক) প্রতিটি জেলা ও বিভাগীয় কার্যালয়ে গুরুত্বানুযায়ী কাজের priority ঠিক করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ডিএই এর সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | ক) কাজের গুরুত্ব অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক, উপ-পরিচালক এবং কৃষি অফিসারদের সাথে প্রয়োজনীয় ক্ষেত্রে যোগাযোগ ও সমন্বয় করে কাজ পরিচালনা করা হচ্ছে। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | খ) উত্তরবঙ্গের বিশেষ করে রংপুর অঞ্চলের মিষ্টি কুমড়ার বিপণন উন্নয়নে কর্মসূচী প্রণয়ন করবেন। | খ) মিষ্টি কুমড়ার বিপণন উন্নয়নে একটি কর্মসূচী প্রণয়ন করা হবে। |
| | | গ) নতুন নতুন বাজারের তালিকা করে প্রজ্ঞাপনের আওতায় আনতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | গ) হালনাগাদ তথ্য পাওয়া যায়নি। উপপরিচালক (আরইটিসি) ও বিভাগীয় উপপরিচালকগণ সভাকে এ বিষয়ে অগ্রগতি অবহিত করতে পারেন। |
| | | ঘ) লাইসেন্স নিয়ে একটা জুম মিটিং আয়োজন করতে হবে। লাইসেন্স করার গুরুত্ব বাড়াতে বিভাগীয় উপপরিচালকগণ জেলা প্রশাসন, র‍্যাব, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ইত্যাদি বরাবর আইন/বিধি অনুযায়ী চিঠি দিবেন। | ঘ) লাইসেন্স করার গুরুত্ব বাড়াতে বিভাগীয় উপপরিচালকগণ জেলা প্রশাসন, র‍্যাব, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ইত্যাদি বরাবর পত্র প্রদানের বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। বিভাগীয় উপপরিচালকগণ এ বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। |

১৫.১০.২০২০

(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-সচিব
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১